

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/নেত্রকোণা-১২/৬৬

তারিখ:

০৩ ফাল্গুন, ১৪৩২  
১৬ ফেব্রুয়ারী, ২০২৬

বিষয় : মাঘান দাখিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা বিষয়ে স্পষ্টীকরণ প্রসঙ্গে

সূত্র : ১। বোর্ডে ই-ফাইলে নং ২৩৩২৫১১৩১২৬১ আইডির আবেদন;

২। স্মারক নং বামাশিবো/প্রশা/নেত্রকোণা-৩২/১৭৯ তারিখ: ২৪.১১.২০২৫খ্রি.;

নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলাধীন মাঘান দাখিল মাদ্রাসার প্রকৃত প্রতিষ্ঠাতা সদস্যকে বাদ দিয়ে হাজী মো: আব্দুল ওয়াদুদ তালুকদারকে ভুয়া প্রতিষ্ঠাতা সদস্য বানিয়ে ম্যানেজিং কমিটি গঠন করা হয়েছে মর্মে জনাব মুস্তাফিজুর রহমান কর্তৃক সূত্রোক্ত ১নং স্মারকে অভিযোগ দাখিল করা হয়েছে। অভিযোগের প্রেক্ষিতে প্রতিষ্ঠাতা সংক্রান্ত অধিকতর সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে মাদ্রাসাটি প্রতিষ্ঠাকালীন প্রতিষ্ঠাতা বিষয়ে দলিল, রেজুলেশন ও প্রতিষ্ঠা ও প্রতিষ্ঠাতা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র এবং প্রতিষ্ঠাতা দাবিদার জনাব হাজী মো: আব্দুল ওয়াদুদ তালুকদার এর স্বপক্ষে প্রতিষ্ঠাতা হিসাবে লিখিত বক্তব্য ও সমর্থনীয় যাবতীয় প্রমাণকসহ প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের জন্য সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেওয়া হয়।

পত্রের আলোকে মাদ্রাসা সুপার এবং প্রতিষ্ঠাতা দাবিদার জনাব হাজী মো: আব্দুল ওয়াদুদ তালুকদার কর্তৃক স্বপক্ষে লিখিত বক্তব্যসহ কাগজপত্র জমা দেওয়া হয়েছে। প্রতিষ্ঠাতা দাবিদার জনাব হাজী মো: আব্দুল ওয়াদুদ তালুকদার কর্তৃক লিখিত জবাবে উল্লেখ করা হয়েছে ২০.০২.১৯৯১ইং তারিখে ম্যানেজিং কমিটির নীতিমালা অনুযায়ী মাদ্রাসার প্রতিষ্ঠাতা সদস্য মনোনয়নের জন্য ৫০০০/- টাকা নগদ দান করেন। উক্ত দানের পরিপ্রেক্ষিতে মাদ্রাসা পরিচালনা কমিটির ২০.০২.১৯৯১ইং তারিখের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা কর্তৃক জনাব মো: আব্দুল ওয়াদুদ তালুকদারকে আজীবন প্রতিষ্ঠাতা সদস্য করা হয়। অপরদিকে, মাদ্রাসার সুপার জনাব খাজা মো: শাহজাহান কর্তৃক লিখিত জবাবে উল্লেখ করা হয়েছে মাঘান দাখিল মাদ্রাসা ০১.০১.১৯৭৫ইং তারিখে স্থাপিত হয়। মাদ্রাসা হওয়ার সময় যারা জমিদান করেছেন সর্বমোট এগারোজন দাতা তন্মধ্যে জীবিত আছে দুইজন। অভিযোগকারীর বর্ণনামতে প্রকৃত প্রতিষ্ঠাতা সদস্য কে বা কাহারো এর কোন রেকর্ডপত্র মাদ্রাসায় পাওয়া যায়নি মর্মে মাদ্রাসার সুপার কর্তৃক তার জবাবে উল্লেখ করা হয়েছে।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা পরিদর্শন শাখায় রক্ষিত নথি যাচাইয়াতে দেখা যায় ২৪.০৬.১৯৮৯ খ্রি. তারিখে উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা কর্তৃক প্রতিস্বাক্ষরিত একটি পরিদর্শন প্রতিবেদন এবং ২০.০৯.১৯৯২খ্রি. তারিখে জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা কর্তৃক পরিদর্শন ও উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা কর্তৃক প্রতিস্বাক্ষরিত পরিদর্শন প্রতিবেদনে দেখা যায় মাদ্রাসাটি ০১.০১.১৯৭৫ খ্রি. তারিখে প্রতিষ্ঠিত হয়েছে। ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত হওয়ায় প্রতিষ্ঠাতা দাবিদার জনাব হাজী মো: আব্দুল ওয়াদুদ তালুকদার এর দাবি অনুযায়ী ১৯৯১ সালে মাদ্রাসাটির প্রতিষ্ঠাতা হওয়ার কোন সুযোগ নাই।

এমতাবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (দাখিল ও আলিম স্তরের বেসরকারি মাদ্রাসার গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৫ এর ২(১৪) অনুযায়ী প্রতিষ্ঠাতা দাবিদার জনাব হাজী মো: আব্দুল ওয়াদুদ তালুকদার উক্ত মাদ্রাসার প্রতিষ্ঠাতা নয় মর্মে প্রতীয়মান হয়।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৬.০২.২৬

প্রফেসর ছালেহ আহমাদ

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১৬.০২.২৬

সুপার/ভারপ্রাপ্ত সুপার

মাঘান দাখিল মাদ্রাসা, মোহনগঞ্জ, নেত্রকোণা

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/নেত্রকোণা-১২/৬৬

তারিখ:

০৩ ফাল্গুন, ১৪৩২  
১৬ ফেব্রুয়ারী, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নেত্রকোণা;
২. উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা;
৩. জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা;
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. জনাব মুস্তাফিজুর রহমান (অভিযোগকারী), ২৫/১ করাতীটোলা, স্বামীবাগ, ঢাকা;
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

১৬.০২.২৬

মোঃ আব্দুর রশিদ

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd